

শুণাত্মক

প্রিন্ট: ১৩ মে ২০২৫, ১০:০১ এএম

শিক্ষাজ্ঞন

জবি শিক্ষক-শিক্ষার্থীদের হঁশিয়ারি

বাজেট না বাড়ালে ঘমুনা অভিমুখে লং মার্চ



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৩ মে ২০২৫, ১২:২৭ এএম



জবির ভাস্কর্য চতুরে শিক্ষক-শিক্ষার্থীরা

বিশ্ববিদ্যালয় মন্ত্রুরি কমিশনের (ইউজিসি) বাজেট বাড়ানো না হলে ‘লং মার্চ টু যমুনা’ কর্মসূচির ঘোষণা দিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

সোমবার বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চতুরে অনুষ্ঠিত সমাবেশ থেকে এ ঘোষণা দেওয়া হয়।

সমাবেশ উপস্থিতি বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, ছাত্রদল, ছাত্র শিবির, ছাত্র অধিকার পরিষদসহ বিভিন্ন ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনা শেষে এই ঘোষণা দেন জবি সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মাহতাব হোসেন লিমন।

মাহতাব বলেন, আজ আমাদের একটি প্রতিনিধি দল ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি দিতে যাবে। যদি দাবি মেনে না নেওয়া হয়, তবে আগামীকাল আমরা যমুনা ঘেরাও কর্মসূচি পালন করব।

ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, শিক্ষার্থীদের ন্যায্য দাবি আদায়ে আমরা অতীতেও পাশে ছিলাম, আগামীতেও থাকব।

শাখা ছাত্র শিবিরের সভাপতি আসাদুল ইসলাম বলেন, আমাদের দাবি উপেক্ষা করলে সরকারকে কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হবে।

সমাবেশে শিক্ষার্থীদের দাবির সঙ্গে একাত্মতা পোষণ করে সমাবেশে যোগ দেন বিভিন্ন বিভাগের শিক্ষকরা।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রহিত উদ্দিন বলেন, অন্য বিশ্ববিদ্যালয়গুলো হল ও আবাসন সুবিধা পেলেও জবি এখনো বঞ্চিত। দাবি পূরণ না হলে শিক্ষক সমিতির পক্ষ থেকেও কমপ্লিট শাটডাউনের ঘোষণা দেওয়া হবে।